

ঢা. বি ইতিহাস বিভাগের প্রাণবন্ত পুনর্মিলনী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সাবেক ছাত্রছাত্রীদের সংগঠন ইতিহাস বিভাগ অ্যালামনি এসোসিয়েশনের পঞ্চম পুনর্মিলনী বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্রে গত শুক্রবার অনুষ্ঠিত হয়। প্রবীণ ও নবীনদের সমাগমে সমগ্র অনুষ্ঠানটি হয়ে ওঠে আনন্দমুখর, প্রাণচাঞ্চল্যে পরিপূর্ণ হয় টিএসসি চত্বর।

অ্যালামনি এসোসিয়েশনের সভাপতি প্রফেসর আবু ইমাম একঝাঁক বেলুন উড়িয়ে পুনর্মিলনী অনুষ্ঠানের সূচনা করেন। এই অনুষ্ঠানে সমবেত হয়েছিলেন ইতিহাস বিভাগের সাবেক শিক্ষার্থীবন্দ। যাদের মধ্যে ছিলেন শিক্ষক, সচিব, রাজনীতিবিদ, বিচারপতি, ব্যবসায়ী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও বিভিন্ন সংস্থায় কর্মরত উচ্চপদস্থ ব্যক্তিবর্গ।

নবীন ও প্রবীণদের স্মৃতিচারণমূলক পর্বটি ছিল খুবই প্রাণবন্ত। উপস্থিত সকলেই উচ্ছলতায় মুগ্ধিত হয়ে ওঠেন। কৃণিকের জন্য হলেও সকলেই বর্তমানকে ভুলে অতীতে ফিরে যান। অনুষ্ঠানের এক পর্যায়ে অনুষ্ঠানসূচির অংশ হিসেবে সাবেক ছাত্রছাত্রীদের অনেকেই তাদের প্রিয় বিভাগে ফিরে আসেন অতীত স্মৃতি রোমন্থনের প্রত্যাশায়।

পুনর্মিলনী অনুষ্ঠানের একটি প্রধান আকর্ষণ ছিল প্রদর্শনী। ইতিহাস বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের রচিত গ্রন্থ, বহুসংখ্যক ছবি ও ইতিহাস বিভাগ সম্পর্কিত ঐতিহাসিক দলিলপত্রের এক অনবদ্য সংগ্রহ এই প্রদর্শনীকে করে তোলে আকর্ষণীয়। দিনব্যাপী চলে এই প্রদর্শনী। ইতিহাস বিভাগ অ্যালামনি এসোসিয়েশনের এই পুনর্মিলনীর পরবর্তী পর্ব ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। বিজ্ঞপ্তি।